গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৭- ১৩৫১ তারিখ: ১৭ জানুয়ারি ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডিসেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১১ জানুয়ারি ২০১৮, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) আর্থিক অনুদান ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>ডিসেম্বর ২০১৭ মাসে ই-আরপি সিস্টেম প্রথমবারের মত চালু করায় নথির নিষ্পত্তির পরিমাণ কম ছিল। আগামী মাস হতে নিষ্পত্তির পরিমাণ অবশ্যই আরো বৃদ্ধি করতে হবে মর্মে মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | আগামী মাস হতে নিষ্পত্তির পরিমাণ অবশ্যই আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি) |
| ২.০ | দুই মাসের উর্ধ্বে অনিষ্পন্ন নথিসমূহ নিষ্পত্তিকরণ। | সমন্বয় সভার গৃহিত সিদ্ধান্ত মোতাবেক দুই মাসের উর্ধ্বে অনিষ্পন্ন নথিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিলম্বের কারণসহ আবেদনকারীর সকল কাগজপত্রাদি যাচাইয়ান্তে ইতিবাচক নোট প্রদানপূর্বক প্রস্তাব দেয়ার জন্য সভায় আলোচনা হয়। | দুই মাসের উর্ধ্বে অনিষ্পন্ন নথিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিলম্বের কারণসহ আবেদনকারীর সকল কাগজপত্রাদি যাচাইয়ান্তে ইতিবাচক নোট প্রদানপূর্বক প্রস্তাব উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি) |
| ৩.০ | ইআরপি ব্যবহার ও কল্যাণ বোর্ডের কার্যক্রম জেলা পর্যায়ে সম্প্রসারণ। | (ক) মহাপরিচালক মহোদয় ইআরপি সিস্টেম ব্যবহারের বিষয়ে সিস্টেমি এনালিস্ট জনাব মামুন অর রশিদ এর নিকট জানতে চাইলে তিনি বলেন, ইতোমধ্যে ইআরপি সিস্টেম ব্যবহারে উদ্ভূত সমস্যাসমূহ সমাধান করা হয়েছে এবং এতে আরো প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করার জন্য সংশ্লিষ্ট সফটওয়ার ডেভেলপার কোম্পানীকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | (ক) ইআরপি সিস্টেম এর নিরবচ্ছিন্ন ও ত্রুটিমুক্ত ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সংশোধন ও সংযোজনের নিমিত্ত আইটি শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে তদারকি করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
| --- | --- | --- | --- | --- |
| ৪.০ | | (খ) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ আরোও দ্রুততার সাথে প্রদানের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে একটি অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহায়তা প্রদানের জন্য সভায় আলোচনা হয়।<br>প্রসঙ্গক্রমে মহাপরিচালক সভায় বলেন, কল্যাণ বোর্ডের আইন প্রণয়নের বিষয়টি প্রায় চূড়ান্ত। এহেন অবস্থায় কল্যাণ বোর্ডের কার্যক্রমে আরো অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে জেলা পর্যায়ে কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত কল্যাণ বোর্ডের অর্গানোগ্রাম সংশোধন করা প্রয়োজন।<br>এমতাবস্থায়, কল্যাণ কার্যক্রম উত্তোত্তর বৃদ্ধি পাওয়ায় একটি পূর্ণাঙ্গ অর্গানোগ্রামসহ বিধিমালা ও প্রবিধানমালা সংশোধন ও সংযোজনের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ আরোও দ্রুততার সাথে প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে একটি অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহায়তা প্রদান করতে হবে।<br>কল্যাণ বোর্ডের কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে জেলা পর্যায়ে কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত একটি পূর্ণাঙ্গ অর্গানোগ্রামসহ বিধিমালা ও প্রবিধানমালা সংশোধন ও সংযোজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | মৃতের পরিবারের সাথে যোগাযোগপূর্বক দ্রুত কার্যসম্পাদন। | আর্থিক অনুদান ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত বিষয়ে মৃতের পরিবারের সাথে অনেক সময় পাসর্পোটে উল্লিখিত ঠিকানায় যোগাযোগ করা যায় না এবং দ্রুত পত্র প্রেরণ করা সম্ভব হয় না। এসবক্ষেত্রে মৃতের পরিবারের মোবাইল ফোনের সাথে যদি কোন ই-মেইল নম্বর সংগ্রহ করা যায় তা হলে পত্র যোগাযোগে দ্রুততর হবে মর্মে আশা করা যায়।<br>এমতাবস্থায়, বিমান বন্দরে প্রবাসী কল্যাণ ডেক্স হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ অর্থ প্রদানের সময়ে মৃতের পরিবার এর নিকট হতে মোবাইল নম্বরের সাথে একটি ই-মেইল নম্বর সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। তাছাড়া ইউনিয়ন ডিজিট্যাল সেন্টারের সাথে যোগাযোগপূর্বক কার্যসম্পাদন করার বিষয়ে আলোচনা হয়। | বিমান বন্দরে প্রবাসী কল্যাণ ডেকস হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্য প্রদানের সময়ে মৃতের পরিবার এর নিকট হতে মোবাইল নম্বরের সাথে একটি ই-মেইল নম্বর সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট অন-লাইন ফরমে সন্নিবেশ করতে হবে । প্রযোজ্য ক্ষেত্রে ইউনিয়ন ডিজিট্যাল সেন্টারের সাথে যোগাযোগ করেও কার্যসম্পাদন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিষ্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিষ্ট্রেটর, সার্ভার রুম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।